হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়




চোটকে পাত্তা না দিয়ে প্রযোজকের ক্ষতির কথাই ভাবলেন শ্রদ্ধা -পৃষ্ঠা-৩


বর্ষ ৪ ঃ সংখ্যা-৪২ ঃ মেহেরপুর-মঙ্গলবার ২৫ নভেম্বর ২০২৫ ইং ঃ ১০ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ৩ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




## হার্ট ও ফুসফুসে ইনফেকশনে আক্রান্ত খালেদা জিয়া

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়া হার্ট ও ফুসফুসে সংক্রমণে (ইনফেকশন) আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছেন তাঁর চিকিৎসায় গঠিত মেডিকেল বোর্ডের সদস্য অধ্যাপক ডা. এফ. এম. সিদ্দিকী। রোববার (২৩ নভেম্বর) রাতে সাংবাদিকদের তিনি এ তথ্য দেন। ডা. সিদ্দিকী বলেন, হাসপাতালে নিয়ে আসার পর তাঁকে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে এবং বর্তমানে আইসিইউ-সমমানের নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে।
তিনি জানান, "আগামী ১২ ঘণ্টা তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি একাধিক দীর্ঘস্থায়ী রোগে ভুগছেন। আজ নতুন করে সংক্রমণের কারণে তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। অ্যান্টিবায়োটিক দেওয়া

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুর পৌরসভার অব্যবস্থাপনা চরমে

## ভাঙা রাস্তা- জলাবদ্ধতা-বর্জ্য স্তূপে নাজেহাল নগরবাসী

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের সর্বপশ্চিমের ছোট জেলা মেহেরপুর। জেলা শহরের দৈনন্দিন নাগরিক সেবা নিশ্চিত করার দায়িত্ব পৌরসভার হলেও গত এক যুগে শহরটি হারিয়েছে তার গতি, পরিচ্ছন্নতা ও স্বাভাবিক জীবনযাত্রা। ভাঙাচোরা রাস্তা, জলাবদ্ধ ড্রেন, অনিয়মিত বর্জ্য সংগ্রহ, নষ্ট স্ট্রিটলাইট, পানি সংকট–সব মিলিয়ে শহরজুড়ে নেমে এসেছে এক ধরনের অচলাবস্থা। শহর যেন নিজেই হয়ে উঠেছে অব্যবস্থাপনার এক প্রতিচ্ছবি।
মেহেরপুর শহরের কলেজ রোড, পুরাতন হাসপাতাল সড়ক, স্টেডিয়ামপাড়া, কালেক্টরেট পাড়া–এমন কোনো এলাকা নেই যেখানে খানাখন্দ, ভাঙা পিচ আর বৃষ্টির পর জমে থাকা কাদাপানি নিত্যসঙ্গী নয়। ট্রাকচালক আমিনুল ক্ষোভ প্রকাশ করে বলেন, "মেহেরপুর শহরে ঢুকলেই মনে হয় উন্নয়ন ভুল করে অন্য জেলায় চলে গেছে।" ব্যবসায়ীরা বলছেন, ভাঙা রাস্তার কারণে ক্রেতারা দোকানে আসতে ভয় পাচ্ছেন। ব্যবসায়ী হারুন-অর-রশিদ বলেন, "এভাবে আর কত? রাস্তার কারণে ব্যবসা ধ্বংস হয়ে যাচ্ছে।" শহরের ড্রেনেজ ব্যবস্থাই এখন বড় মাথাব্যথা। ভাঙা ড্রেন, আবর্জনায় আটকে থাকা নালা, নিয়মিত পরিষ্কারের অভাব–বৃষ্টির দিনে শহরকে ৫ থেকে ৬ ঘণ্টা পর্যন্ত জলাবদ্ধ করে রাখে।গৃহবধূ সাবিনা খাতুন জানান, "ড্রেনের পানি ঘরে ঢোকে। আমরা কোথায় অভিযোগ করব?" ওয়ার্ডভিত্তিক বর্জ্য সংগ্রহ অনিয়মিত। কোথাও ডাস্টবিন নেই, কোথাও আবার আছে কিন্তু অপসারণ নেই। ট্রাক ও টিপারের সংকট থাকায় রাস্তায়-ড্রেনে জমে থাকছে ময়লা। এতে রোগবালাইয়ের ঝুঁকি বাড়ছে বলেও অভিযোগ স্থানীয়দের। পৌরসভা কর দিলেও নাগরিকরা পাচ্ছেন না পর্যাপ্ত পানি। অনেক এলাকায় দিনে মাত্র ৩০-৪০ মিনিট পানি আসে। কেউ কেউ বাধ্য হয়ে বেসরকারি উৎস থেকে পানি কিনছেন ১৫০-২৫০ টাকায়। "ট্যাক্স দিই পৌরসভাকে, পানি কিনতে হয় বাইরে থেকে–এ কেমন ব্যবস্থা?" সন্ধ্যার পর শহরের ৩০-৪০ শতাংশ এলাকা অন্ধকারে ডুবে থাকে। নষ্ট লাইটের কারণে বাড়ছে ছিনতাই, ইভটিজিংসহ নানা অপরাধ। স্কুলছাত্রী তানিয়া বলেন,"আমরা মেয়েরা ভয় পাই। আলো নেই, রাস্তা ফাঁকা–ঝুঁকি তো থেকেই যায়।" শিশুদের জন্য নেই উন্নত কোনো পার্ক, তরুণদের জন্য নেই বড় মাঠ। শহরের ওপেন স্পেস ও বিনোদন কেন্দ্রের

২-এর পৃষ্ঠা দেখুন

# হাড়াভাঙ্গা এইচবি মাধ্যমিকের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রাজু আহমেদ এর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা দায়ের করেছেন বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী সপ্না খাতুন। গতকা সোমবার দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলাটি দায়ের করা হয়। মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, কাজিপুর গ্রামের মৃত আফাজুদ্দিনের ছেলে রাজু আহমেদ ২০২২ সালের ১৬ ডিসেম্বর বিজয় দিবসে সপ্নাকে তার অফিসে একা ডেকে নিয়ে নানা প্রলোভনে শরীরের বিভিন্ন অঙ্গে হাত দেন। বাধা দিতে গেলে মুখ চেপে ধরে খুন করার হুমকি দিয়ে জোরপূর্বক ধর্ষণ চালান। এভাবে ২০২৫ সালের ১০/১১ পর্যন্ত দিনে দিনে সপ্নাকে স্কুলের অফিস রুমসহ বিভিন্ন স্থানে নিয়ে ধর্ষণ করতে থাকেন।এছাড়া, মামলার এজাহারে বলা হয়েছে, রাজু মোবাইল ফোনের মাধ্যমে সপ্নাকে ফোন করে যৌনাঙ্গ প্রদর্শনসহ নানা অঙ্গভঙ্গি দেখিয়ে দিনের পর দিন যৌন হয়রানি চালাতেন। সপ্না আরও জানিয়েছে, রাজু কুষ্টিয়ায় বিয়ের প্রলোভন দেখিয়ে তাকে তার এক আত্মীয়ের বাড়িতে নিয়ে গিয়ে স্ত্রী পরিচয় দিয়ে ধর্ষণ করতেন। সর্বশেষ ঘটনাতেও তিনি অফিসে স্কুল ছুটির পরে সপ্নাকে ডেকে নিয়ে দরজা-জানালা বন্ধ করে একাধিকবার জোরপূর্বক ধর্ষণ করেন। মামলায় সপ্না ন্যায় বিচার চেয়ে উল্লেখ করেছেন, তিনি রাজু মাষ্টারের বিরুদ্ধে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী ২০০৩) এর ৭/৯(১)/১০ ধারায় অভিযোগ করেছেন। স্থানীয়রা জানান, অশ্লীল ভিডিও ভাইরাল হওয়া রাজু মাষ্টারের বিরুদ্ধে বিদ্যালয়ের শিক্ষার্থী ও গ্রামের মানুষ নানা সমালোচনা ও নিন্দার ঝড় তুলেছেন। অপকর্ম আড়াল করতে রাজু নানাভাবে অপপ্রচার চালাচ্ছেন। ভিডিও ভাইরাল হওয়ার পর থেকে তিনি পলাতক। স্কুল পরিচালনা পর্ষদ তাকে সাময়িক বরখাস্ত করলেও শিক্ষার্থী ও গ্রামের মানুষের দাবি স্থায়ী

২-এর পৃষ্ঠা দেখুন



## জনগণের সেবায় প্রতিশ্রুতিবদ্ধ হয়ে কাজ করুন: জেলা প্রশাসক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেছেন, "জনগণের সেবাই নির্বাচিত প্রতিনিধিদের মূল দায়িত্ব। আপনারা প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করুন, জনগণের আস্থা অর্জন করুন।" গতকাল সোমবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদ রিদর্শনকালে স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে

২-এর পৃষ্ঠা দেখুন

## "মুজিবনগরে 'ওসি' পরিচয়ে প্রতারণা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের পল্লী চিকিৎসক আব্দুস সালাম রবিবার (২৩ নভেম্বর) প্রতারণার শিকার হয়েছেন।
স্থানীয় চৌকিদার খায়রুল ইসলামকে ফোন দিয়ে প্রতারকরা জানান, থানার নতুন ওসি তার সঙ্গে কথা বলবেন। এরপর ০১৭৬৪৪৯৪৯৫২ নম্বর থেকে সালামের সঙ্গে যোগাযোগ করা হয়। কলকারী নিজেকে থানার নতুন ওসি পরিচয় দিয়ে রাজনৈতিক মামলা দেওয়ার ভয় দেখান এবং নির্দিষ্ট একটি নগদ

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরের গাংনীতে অস্ত্রসহ যুবদল নেতা আটক

নিজস্ব প্রতিবেদক. গাংনী

মেহেরপুরের গাংনীতে অস্ত্রসহ এক যুবদল নেতাকে আটক করেছে সেনাবাহিনী।গতকাল সোমবার ভোরে গাংনী পৌরসভার পূর্বমালসাদহ গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক যুবদল নেতা হলেন, মনিরুজ্জামান মনি। তিনি গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক। সেনাবাহিনী ক্যাম্প সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গাংনী আর্মি ক্যাম্প মনির বাড়িতে অভিযান চালায়। অনুসন্ধান

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে কিশোরী ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার তিন

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের শৈলকুপায় এক ১৭ বছরের কিশোরীকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযোগে, কিশোরীর সঙ্গে মুঠোফোনে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন প্রধান আসামি এনামুল বিশ্বাস। এরপর তিনি বন্ধুদের সঙ্গে মিলে মেয়েটিকে ধর্ষণ করেন। কিশোরী বর্তমানে বেঁচে আছে। মেয়েটির মা বাদী হয়ে রোববার শৈলকুপা থানায় চারজনের নাম উল্লেখ করে মামলা করেন। রাতেই অভিযান চালিয়ে মাসুদ বিশ্বাস (৩০), হাবিবুর রহমান (৩৫) ও রইচ

২-এর পৃষ্ঠা দেখুন



## নার্সদের ৮ দফা দাবিতে স্মারকলিপি

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) জেলা শাখাগুলো স্বতন্ত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে অন্য কোনো অধিদপ্তরের সঙ্গে একীভূত করা বন্ধ এবং জাতীয় নার্সিং কমিশন গঠনসহ আট দফা দাবিতে স্মারকলিপি প্রধান উপদেষ্টার কাছে জমা দিয়েছে। মেহেরপুরে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির, চুয়াডাঙ্গায় জেলা প্রশাসক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেনারেল হাসপাতালে ওষুধ সংকট, রোগীরা ভুগছেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেনারেল হাসপাতালে আবহাওয়ার পরিবর্তনের সঙ্গে সঙ্গে রোগীর সংখ্যা হঠাৎ বেড়ে যাওয়ায় হাসপাতাল চরম ওষুধ সংকটে পড়েছে। ডায়রিয়া, নিউমোনিয়া, ব্রঙ্কিওলাইটিস ও শ্বাসকষ্টসহ মৌসুমী রোগে আক্রান্ত রোগীরা প্রয়োজনীয় ওষুধ না পেয়ে বাইরে থেকে বেশি দামে কিনতে বাধ্য হচ্ছেন।হাসপাতালের ফার্মেসিতে এক মাস ধরে এন্টিবায়োটিক, ইনজেকশন, স্যালাইনসহ অধিকাংশ অপরিহার্য ওষুধ নেই। সিরিঞ্জ, ক্যানোলা ও টেপের মতো সাধারণ সরঞ্জামও অভাবের কারণে মিলছে না। জলাতঙ্ক টিকা দীর্ঘদিন ধরে স্টকে না থাকায়

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনীতে বিএনপির মনোনয়ন পরিবর্তনের দাবিতে বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিবেদক. গাংনী

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনয়ন পরিবর্তনের দাবিতে গতকাল সোমবার বিকেলে গাংনীতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। জেলা বিএনপি সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের দলীয় কার্যালয় থেকে বের হওয়া মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে গাংনী হাসপাতাল চত্বর ঘুরে একই স্থানে এসে শেষ হয়। বিক্ষোভে অংশগ্রহণকারীরা অভিযোগ করেন, আসনের ঘোষিত বর্তমান মনোনয়ন স্থানীয় নেতাকর্মীদের প্রত্যাশার সঙ্গে সাংঘর্ষিক। দীর্ঘদিনের

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতের গণসংযোগ কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের উত্তর শালিকা গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার বিকালে গ্রামের বিভিন্ন সড়ক ও স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানে এ গণসংযোগ পরিচালনা করা হয়।
কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন

## মিরপুরে যুবতীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়ার মিরপুরে নিজ ঘর থেকে সুমি আক্তার (২৬) নামে এক নারীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।গতকাল সোমবার ভোরে উপজেলার আমবাড়িয়া গ্রামে এই ঘটনা ঘটে। মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। জানা গেছে, সুমি আমবাড়িয়া গ্রামের কৃষক গোলাপ রহমানের মেয়ে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর পাশ করেছেন। মাজিহাট পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. রফিকুজ্জামান জানান, সুমি ফাইব্রাস ডিসপ্লাসিয়া

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর:(মেহেরপুরে মিলছে আগ্নেয়াস্ত্র)

যাচ্ছে সোনা আসছে অস্ত্র
বর্ডার থাকছে ফাঁকা
মেহেরপুরে হচ্ছে এখন
অস্ত্র বেচাকেনা।
আগে যেত ডলার শুধু
মাদক হাতে পেতে
নতুন করে হয়েছে যোগ
অস্ত্র আসছে সাথে।
সামনে আসছে নির্বাচন
অনেক ভাবার আছে
ভাবতে যদি হয় দেরি
বিপদ থাকবে সাথে।
তারের বেড়া আর কাটার বেড়া
কিছু অংশ ফাঁকা
অস্ত্র মাদক আসতে থাকবে
পারলে তোরা ঠেকা ।


সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন
ইন্টিগ্রেটেড ভার্সন
আবাসিক
নূরানী আরবি শিক্ষা
সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি
ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮



সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ১০ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২৫ নভেম্বর ২০২৫ইং



## মেহেরপুরের কৃতি সন্তান বুয়েটে প্রভাষক

নিজস্ব প্রতিবেদক

হেরপুরের কৃতি সন্তান মোস্তফা শফিক শাহরিয়ার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি মেহেরপুর শহরের হোটেল

৩-এর পৃষ্ঠা দেখুন

## অপরাধের ধরন অনুযায়ী পৃথক মামলায় যুক্ত হচ্ছেন আসামিরা

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানের সময় সারাদেশে সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও তৎকালীন সরকার সংশ্লিষ্ট হাইপ্রোফাইল ব্যক্তিদের বিরুদ্ধে পৃথকভাবে মামলা দায়েরের উদ্যোগ নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা ও প্রসিকিউশন। শুরুতে একটি মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ ৪৫ জনকে আসামি হিসেবে অন্তর্ভুক্ত করা হলেও এখন অপরাধের ধরন অনুযায়ী মামলাগুলো আলাদা করা হচ্ছে। ইতোমধ্যে জাসদ সভাপতি হাসানুল হক ইনু ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফের মামলা পৃথকভাবে গ্রহণ করেছে ট্রাইব্যুনাল। একইসঙ্গে আসামিদের সংখ্যা কমিয়ে একাধিক মামলার মাধ্যমে বিচারের গতি বাড়ানোর পরিকল্পনা চলছে। প্রসিকিউশন সূত্র জানায়, একটি মামলায় বহু আসামি রাখলে তদন্ত ও বিচারকাজ জটিল হয়ে পড়ে। তাই কার বিরুদ্ধে কোন অপরাধের নির্দিষ্ট প্রমাণ পাওয়া যাচ্ছে– সে অনুযায়ী ভিন্ন মামলায় তাদের যুক্ত করা হচ্ছে। এতে বিচার কার্যক্রম দ্রুত ও সুশৃঙ্খলভাবে এগিয়ে নেওয়া সম্ভব হবে বলে মনে করছে ট্রাইব্যুনেল। এই তালিকায় রয়েছেন ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসি-নার ছেলে সজীব ওয়াজেদ জয়, সাবেক মন্ত্রী আনিসুল হক, আমির হোসেন আমু, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, প্রধানমন্ত্রীর সাবেক উপদেষ্টা সালমান এফ রহমান, তৌফিক-ই-ইলাহী চৌধুরীসহ সরকারের কয়েকজন হাইপ্রোফাইল ব্যক্তি। পাশাপাশি পুলিশের বিশেষ শাখার (এসবি) সাবেক প্রধান মনিরুল ইসলাম এবং ডিএমপির গোয়েন্দা শাখার (ডিবি) সাবেক প্রধান হারুন অর রশীদও আসামির তালিকায় রয়েছেন। গত ২ নভেম্বর মানবতাবিরোধী অপরাধের একটি মামলায়

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফের কর্মবিরতিতে যাচ্ছে স্বাস্থ্য সহকারীরা

সূর্যোদয় প্রতিবেদন

৬ দফা দাবিতে ফের কর্মবিরতির ঘোষণা দিয়েছে বাংলাদেশ হেলথ অ্যাসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশন। দাবি বাস্তবায়নে বৃহস্পতিবারের মধ্যে প্রজ্ঞাপন জারি না হলে আগামী শনিবার থেকে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে অনির্দিষ্টকালের শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি শুরু করবেন স্বাস্থ্য সহকারীরা। সোমবার জাতীয় প্রেসক্লাবের জহুরুল হক হলে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন সংগঠনটির কেন্দ্রীয় সমন্বয় পরিষদের প্রধান সমন্বয়ক ওয়াসি উদ্দিন রানা। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন সদস্য সচিব ফজলুল হক চৌধুরী, মুখ্য সংগঠক জিয়াউল

৩-এর পৃষ্ঠা দেখুন

### জীবন ধারা



## যে কারণে ভ্যাম্পায়ার দাঁতে আগ্রহ বাড়ছে তরুণীদের

সূর্যোদয় প্রতিবেদক

ভ্যাম্পায়ার দাঁত। সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রেন্ড হিসেবে ছড়িয়ে পড়া এ নতুন রূপসজ্জা এখন তরুণীদের মধ্যে উন্মাদনা তৈরি করেছে। অনেকে নিজেদের হাসিকে আরও আকর্ষণীয় করতে বেছে নিচ্ছেন এই বিশেষ দাঁতের সাজসজ্জা। নিজের হাসিতে ভিন্নমাত্রা আনতে রুমকি ফেরদৌস নামের এক তরুণী পরামর্শ নেন দন্তচিকিৎসক ডা. লায়লা নূর ই নাজনীর কাছে। কাজ শেষে রুমকি জানান, "এটা আসলে সৌন্দর্য বৃদ্ধির জন্যই করা হয়। হাসিটা আরও তীক্ষ্ণ ও আকর্ষণীয় দেখায়। অনেকের ক্যানাইন দাঁত তেমন চোখে পড়ে না, ফ্ল্যাট মনে হয়। কাজটি করলে দাঁতটা একটু তীক্ষ্ণ হয় আর হাসিটা আরও সুন্দর লাগে। এ কারণেই করেছি।" শুধু রুমকি নন, আরও অনেকে জানিয়েছেন যে ভ্যাম্পায়ার দাঁত তাদের হাসিকে আলাদা মাত্রা দিয়েছে। আরেক তরুণী বলেন, "আমি খুবই খুশি এই দাঁতের সাজসজ্জা নিয়ে। সবাই বলছে এটা আমাকে মানিয়েছে।" সাধারণত ক্যানাইন দাঁতকে সামান্য তীক্ষ্ণ করে ভ্যাম্পায়ার

৩-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসকের মতবিনিময় ও প্রস্তুতি সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের সঙ্গে সুধীজনদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা হয়। জেলার উন্নয়ন ও জনসেবা আরও গতিশীল করতে বিভিন্ন পেশাজীবীরা সভায় মতামত দেন। সভায় বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন, বিএনপি নেতৃবৃন্দ, বিএমএ সভাপতি ডা. আব্দুস সালাম, মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা এবং শিক্ষক-ব্যবসায়ীসহ বিভিন্ন পেশার প্রতিনিধিরা। এর আগে সকালে জেলা প্রশাসনের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৫ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। দিবসটি পালন উপলক্ষে আলোচনা সভা, কোরআনখানি, রচনা প্রতিযোগিতা ও শহীদ

৩-এর পৃষ্ঠা দেখুন

## দামুড়হুদায় মোটরসাইকেল দুর্ঘটনায় দুই বন্ধু নিহত

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা লাগায় দুই তরুণ নিহত হয়েছেন। দুর্ঘটনা সোমবার দুপুরে হাউলী ইউনিয়নের কাদিপুর স্কুল মোড় এলাকায় ঘটেছে। নিহতরা হলেন–লোকনাথপুর পশ্চিমপাড়ার এনামুল হকের ছেলে সেলিম হোসেন (২২) এবং তারিক হোসেনের ছেলে তানজিল হোসেন (২৩)। সেলিম ঘটনাস্থলেই মারা যান, আর তানজিলকে গুরুতর আহত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হলেও সেখানে তিনি মৃত্যুবরণ করেন। দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি হুমায়ুন কবির জানান, সেলিম ও তানজিল মোটরসাইকেলে লোকনাথপুর থেকে কাদিপুরের দিকে যাচ্ছিলেন। কাদিপুর স্কুল মোড়ে পৌঁছানোর পর হঠাৎ মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে তারা সড়কের পাশে থাকা

৩-এর পৃষ্ঠা দেখুন




## 'চক্রান্ত মোকাবেলায় সবাই ঐক্যবদ্ধ হোন'- আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনীত প্রার্থী মো. আমজাদ হোসেন বলেছেন, "কর্মীরাই দলের প্রাণ। জেল-জুলুম, হামলা-মামলা সহ্য করে প্রান্তিক পর্যায়ের অসংখ্য কর্মী মাঠে-ঘাটে, বাঁশবাগানের নিচে নির্ঘুম রাত কাটিয়ে এই দলকে বাঁচিয়েছেন।" গতকাল সোমবার (২৪ নভেম্বর) সন্ধ্যা ৮টার দিকে গাংনী বাজারে দলীয় নির্বাচন পরিচালনা কার্যালয়ে আয়োজিত সংক্ষিপ্ত কর্মীসভায় তিনি এসব কথা বলেন। আমজাদ হোসেন বলেন, "আজ আমরা উন্মুক্ত পরিবেশে রাজনীতি করতে পারছি। তবু কিছু অন্তর্ঘাত চলছে। সেই চক্রান্ত মোকাবেলা করে আমাদের এগোতে হবে।" তিনি আরও বলেন, ধানের শীষ প্রতীক সবার প্রতীক, তাই বিএনপিকে বিজয়ী করার দায়িত্ব শুধু প্রার্থীর নয়, সকলের। মানুষকে ভালোবাসা নিয়ে ভোটে আসতে হবে

৩-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াত নেতা শাহজাহান চৌধুরীকে গ্রেপ্তারের দাবি বাংলাদেশ জাসদের

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর একটি সাম্প্রতিক কর্মসূচিতে দলটির সাবেক সংসদ সদস্য শাহজাহান চৌধুরীর বিতর্কিত বক্তব্যের তীব্র নিন্দা জানিয়ে তার অবিলম্বে গ্রেপ্তার দাবি করেছে বাংলাদেশ জাসদ। আজ সোমবার এক যৌথ বিবৃতিতে সংগঠনের সভাপতি শরীফ নুরুল আম্বিয়া ও সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান এ দাবি জানান। বিবৃতিতে নেতারা বলেন, ওই কর্মসূচিতে শাহজাহান চৌধুরী প্রকাশ্যে ঘোষণা করেছেন– নির্বাচন ঘিরে পাশের দেশ থেকে বস্তা বস্তা টাকা ও অস্ত্র ঢুকবে, প্রশাসনের সবাইকে নিজেদের নিয়ন্ত্রণে আনতে হবে। জাসদের মতে, এই বক্তব্য শুধু নির্বাচনব্যবস্থাকে চ্যালেঞ্জ করাই নয়, বরং সংবিধান, রাষ্ট্রীয় সার্বভৌমত্ব, প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি ভয়ংকর উস্কানি। বিবৃতিতে আরও বলা

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে বিএনপি সংঘর্ষে ছয়জন আহত, পুলিশের গাড়ি ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে কমপক্ষে ছয়জন আহত হয়েছেন, তাদের মধ্যে একজন পুলিশ সদস্য রয়েছেন। সংঘর্ষ রবিব-ার (২৩ নভেম্বর) বিকেলে সদর উপজেলার দোগাছি ইউনিয়নের হারানঘাট গ্রামে ঘটে। স্থানীয়রা জানান, ইউনিয়ন বিএনপির সিনিয়র সহসভাপতি নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক সিরাজ বিশ্বাসের মধ্যে রাজনৈতিক আধিপত্য নিয়ে দীর্ঘদিন বিরোধ চলছিল। ঘটনার দিন নজরুল ইসলামের সমর্থক মিঠু বিশ্বাসকে (৪২) প্রতিপক্ষের সমর্থকরা কুপিয়ে গুরুতর আহত করেন। পরে নজরুল ইসলামের সমর্থকরা সিরাজ বিশ্বাসের সমর্থক গোলাম ফারুক (৬০) ও রকিবুল ইসলাম (৪৫)-কে আহত করে। আহতদের সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর সিরাজ বিশ্বাসের সমর্থকরা পুলিশের সাহায্য নিতে নারিকেলবাড়িয়া ক্যাম্পে গেলে, পুলিশের গাড়িতে হামলা

৩-এর পৃষ্ঠা দেখুন



## ব্রুনাইকে ৮-০ গোলে উড়িয়ে দিল বাংলাদেশ অনূর্ধ্ব-১৭ দল

সূর্যোদয় প্রতিবেদন

চীনের চংকিনে চলমান এএফসি অনূর্ধ্ব-১৭ এশিয়ান কাপ বাছাইপর্বে দুর্দান্ত ফর্মে রয়েছে বাংলাদেশের ফুটবল দল। প্রথম ম্যাচে তিমুর লেস্তেকে ৫০ গোলে হারানোর পর সোমবার 'এ' গ্রুপের ম্যাচে ব্রুনাই দারুসসালামকে ৮-০ ব্যবধানে উড়িয়ে দিয়েছে লাল-সবুজের শিষ্যরা।

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভেনেজুয়েলায় নতুন অভিযান শুরুর প্রস্তুতিতে যুক্তরাষ্ট্র

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলাকে ঘিরে নতুন সামরিক অভিযান শুরু করতে পারে যুক্তরাষ্ট্র– এমন ইঙ্গিত দিয়েছেন অন্তত চার মার্কিন কর্মকর্তা। ওয়াশিংটনের মতে, প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর ওপর চাপ বাড়ানো এবং যুক্তরাষ্ট্রে প্রবেশ করা মাদকের উৎস নির্মূলে এই পদক্ষেপ বিবেচনা করছে ট্রাম্প প্রশাসন। তবে বিশ্লেষকদের মতে, বিষয়টি শুধু মাদক দমন নয়; এর সঙ্গে গভীর রাজনৈতিক ও অর্থনৈতিক লক্ষ্যও জড়িত। রয়টার্স জানিয়েছে, অভিযানের পরিসর ঠিক কেমন হবে কিংবা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন কিনা– তা এখনো পরিষ্কার নয়। তবু সাম্প্রতিক সপ্তাহগুলোতে সম্ভাব্য সামরিক পদক্ষেপ নিয়ে জল্পনা তীব্রতর হচ্ছে। এরই মধ্যে যুক্তরাষ্ট্র ক্যারিবীয় অঞ্চলে বহর বাড়িয়েছে, আর ওয়াশিংটনকারাকাস সম্পর্কও দিনে দিনে আরও খারাপের দিকে যাচ্ছে। দুই মার্কিন কর্মকর্তা জানান, সম্ভাব্য অভিযানের প্রথম ধাপ হিসেবে গোপন অপারেশন শুরুর আশঙ্কাই বেশি। পেন্টাগন এ বিষয়ে মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছে; একই অবস্থান নিয়েছে সিআইএও। একজন জ্যেষ্ঠ প্রশাসনিক কর্মকর্তা বলেন, "যুক্তরাষ্ট্রে মাদক ঢোকা বন্ধ করতে এবং দায়ীদের শাস্তি দিতে প্রেসিডেন্ট ট্রাম্প

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঘরের মাঠেই সিরিজ হারের শঙ্কায় ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের ক্রিকেট দলের অহংকার মাটিতে মিশিয়ে দিয়েছে সফরকারী দক্ষিণ আফ্রিকা। দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম ম্যাচে কলকাতার ইডেন গার্ডেন্সে ভারতকে দুই ইনিংসে ৯৩ ও ১৮৯ রানে গুঁড়িয়ে জয় পেয়েছে প্রোটিয়ারা। সিরিজ বাঁচাতে ভারতকে ঘুরে দাঁড়াতে হতো গুয়াহাটিতে চলা দ্বিতীয় টেস্টে। কিন্তু ঋষভ পন্থের নেতৃত্বাধীন দলের

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

### প্রযুক্তি

## মঙ্গলগ্রহে অচেনা শিলা খুঁজে পেল নাসার রোভার

সূর্যোদয় প্রতিবেদন

নাসার পারসিভিয়ারেন্স রোভার মঙ্গলগ্রহে এমন একটি অস্বাভাবিক শিলা খুঁজে পেয়েছে, যা ওই অঞ্চলের অন্য কোনো পাথরের সঙ্গে মিল নেই। প্রায় ৮০ সেন্টিমিটার আকারের এই শিলার ছবি রোভারটি তোলে গত ১৯ সেপ্টেম্বর জেজেরো ক্রেটারের কাছে ভার্নডন এলাকায়।



শিলাটির নাম দেওয়া হয়েছে 'ফিপসাক্সলা'। রোভারটির পাঠানো প্রাথমিক তথ্য বিশ্লেষণে বিজ্ঞানীরা দেখেছেন, শিলাটিতে লোহা ও নিকেলের ঘনমাত্রা রয়েছে। মঙ্গলের স্বাভাবিক ভূমিস্তরে এই উপাদান সচরাচর পাওয়া যায় না। এসব উপাদান সাধারণত বড় গ্রহাণুর কেন্দ্র থেকে তৈরি হওয়া লোহানিকেল উল্কাপিণ্ডে থাকে। তাই বিজ্ঞানীরা ধারণা করছেন, পাথরটি মঙ্গলে বহুকাল আগে পতিত একটি উল্কাপিণ্ড হতে পারে। ফিপসাক্সলা অঞ্চলটির অন্যান্য সমতল ও ভাঙাচোরা পাথরের তুলনায় বেশ আলাদা।

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবৃস এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ২৫ নভেম্বর ২০২৫ ইং

## খোকসায় অগ্নিকাণ্ডে ৫ লাখ টাকার ক্ষতি
## ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে উপজেলা প্রশাসন

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে ভয়াবহ অগ্নিকাণ্ডে একটি পরিবারের প্রায় পাঁচ লাখ টাকার সম্পদ পুড়ে ছাই হয়ে গেছে। রবিবার সকাল ১০টার দিকে হেলালুদ্দিনের বাড়িতে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যেই আগুন চারদিকে ছড়িয়ে পড়ে।

স্থানীয়রা জানান, খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশেই আলিমুদ্দিনের ছেলে হেলালুদ্দিনের বাড়ি। আগুন লাগার সঙ্গে সঙ্গে ধোঁয়া বের হতে দেখে তারা দৌড়ে এসে পানি ঢেলে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন। কিন্তু আগুনের তাণ্ডবে ঘরে থাকা মোটরসাইকেল, তিনটি বাইসাইকেল, সেলাই মেশিনসহ মূল্যবান আসবাবপত্র পুড়ে যায়। গোয়ালঘরে থাকা একটি গরুও দগ্ধ হয়।খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৫ লাখ টাকা ধরা হয়েছে। হেলালুদ্দিন হতাশ কণ্ঠে জানান, 'সবকিছু চোখের সামনে পুড়ে গেল। ক্ষতি সামলানো কঠিন।'অগ্নিকাণ্ডের খবর পেয়ে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়িয়েছে উপজেলা প্রশাসন। রবিবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম ঘটনাস্থলে গিয়ে পরিবারের হাতে আর্থিক সহায়তা ও খাদ্যসামগ্রী তুলে দেন। এ সময় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান উপস্থিত ছিলেন।দুর্যোগের এই মুহূর্তে তাৎক্ষণিক সহায়তা ক্ষতিগ্রস্ত পরিবারকে কিছুটা স্বস্তি দিলেও, তাদের সামনে এখনও বড় চ্যালেঞ্জ–নতুন করে ঘুরে দাঁড়ানো।

## হাড়াভাঙ্গা এইচবি মাধ্যমিকের প্রধান

(প্রথম পৃষ্টার পর)

বহিষ্কার। মামলার আইনজীবি শাহরিয়ার মাহমুদ শাওন বলেন, মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক আলী মাসুদ শেখ গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে মামলাটি এফআইআর নথিভুক্ত করার নির্দেশ দিয়েছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বানী ইসরাইল বলেন, আদালতের নির্দেশপত্র এখনও থানায় আসেনি। তবে আসামীকে গ্রেফতারের জন্য অভিযান চলবে এবং তদন্ত কার্যক্রম শুরু হবে। এদিকে, এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের সাময়িক বরখাস্ত রাজু মাষ্টারের ব্যবহৃত মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তা বন্ধ পাওয়া গেছে। বিদ্যালয়ের শিক্ষার্থীরা জানান, শিক্ষার্থীদের নিরাপত্তা ও শান্তি বজায় রাখার জন্য অভিযুক্ত প্রধান শিক্ষকের দ্রুত গ্রেফতার ও স্থায়ীভাবে বরখাস্তের দাবি তুলেছেন। গ্রামবাসীও মানববন্ধন এবং উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্বারকলিপি দিয়েছেন।

## মেহেরপুর পৌরসভার অব্যবস্থাপনা

(প্রথম পৃষ্টার পর)

অভাব তরুণ সমাজকে সীমাবদ্ধ করে রাখছে। স্থানীয় যুবকদের আক্ষেপ–

"পড়াশোনা ছাড়া সুস্থ বিনোদনের কিছুই নেই।" নাগরিকদের অভিযোগ, দীর্ঘমেয়াদি পরিকল্পনার অভাবে এক দশক ধরে একই সমস্যার পুনরাবৃত্তি চলছে। পৌরসভার এক কর্মকর্তা অবশ্য দাবি করেছেন, "বাজেট কম, প্রকল্প অনুমোদনে সময় লাগে। আমরা ধীরে ধীরে সব ঠিক করছি।" কিন্তু নাগরিকদের দাবি "ধীরে নয়, দ্রুত চাই। বছরের পর বছর একই কথা শুনছি।" মেহেরপুর পৌরবাসীর দাবি–কথার প্রতিশ্রুতি নয়, দৃশ্যমান উন্নয়ন। তাদের প্রত্যাশা, ছোট এই ঐতিহ্যবাহী জেলা শহরে আবারও ফিরুক পরিচ্ছন্নতা, শৃঙ্খলা ও বাসযোগ্যতার বাতাস।

## হার্ট ও ফুসফুসে ইনফেকশনে আক্রান্ত

(প্রথম পৃষ্টার পর)

হচ্ছে এবং দ্রুত চিকিৎসা চলছে।" তিনি আরও বলেন, আগামী ২৪ ঘণ্টা পর আরও কিছু বিশেষ পরীক্ষা করতে হতে পারে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেন, "তিনি কতদিন হাসপাতালে থাকতে পারবেন বা লাগবে–এ মুহূর্তে বলা কঠিন। তাঁর শারীরিক অবস্থার ওপরই সবকিছু নির্ভর করছে।" খালেদা জিয়ার চিকিৎসায় গঠিত দলের অন্যান্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন– অধ্যাপক ডা. শাহাবুদ্দিন তালুকদার, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সাইফুল ইসলাম, ডা. জিয়াউদ্দিন, ডা. জাফর আহমেদ, ডা. মামুন আহমেদ। এর আগে রবিবার (২৩ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টায় গুলশানের বাসভবন থেকে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয় খালেদা জিয়াকে। সেখানে স্বাস্থ্য পরীক্ষার পর তাঁকে ভর্তি করার সিদ্ধান্ত নেয় মেডিকেল টিম।

## জেলা প্রশাসক

(প্রথম পৃষ্টার পর)

মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। মতবিনিময় অনুষ্ঠানে তিনি আরও বলেন, "সরকারের উন্নয়ন উদ্যোগ তৃণমূল পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়নের জন্য জনপ্রতিনিধিদের আন্তরিকতা ও স্বচ্ছতা অত্যন্ত জরুরি। জনস্বার্থে কাজ করলে প্রশাসন সর্বাত্মক সহযোগিতা করবে।" এর আগে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির আমঝুপি ইউপি কার্যালয়ে পৌঁছালে ভারপ্রাপ্ত চেয়ারম্যান সিরাজুল ইসলাম তাকে ফুল দিয়ে বরণ জানান। এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার শেখ তৌহিদুল কবীর, আমঝুপি ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সিরাজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা সালমা পারভীন, হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল, ইউপি সদস্য আব্দুল মজিদ, আরিফ হোসেন, মকবুল হোসেন, আসাদুল হক পিন্টু, সালমা খাতুন, মেরিনা খাতুন প্রমুখ। সভা শেষে জেলা প্রশাসক ইউনিয়নের বিভিন্ন কার্যক্রম ও সেবা প্রদান প্রক্রিয়া পরিদর্শন করেন।

## "মুজিবনগরে 'ওসি' পরিচয়ে প্রতারণা

(প্রথম পৃষ্টার পর)

নম্বরে টাকা পাঠানোর নির্দেশ দেন। প্রতারণার জন্য সালামকে দেওয়া হয় নতুন নগদ নম্বর ০১৩১৭৩৪৩০১৮। চাপ ও ভয় দেখানোর ফলে তিনি গ্রামের কবরস্থানের কাছে আজিজ টেলিকম দোকান থেকে প্রথমে ৫,০০০ টাকা এবং পরে আরও ৫,০০০ টাকা পাঠান। জানা যায়, প্রতারক চক্র মোট ৫০,০০০ টাকা দাবি করেছিল। টাকা পাওয়ার পরপরই প্রতারকের ফোন বন্ধ হয়ে যায়।

## মেহেরপুরের গাংনীতে অস্ত্রসহ যুবদল

(প্রথম পৃষ্টার পর)

শেষে তার বাড়ির ছাদের ওপর থেকে ১টি ওয়ান শুটার পিস্তল উদ্ধার করা হয়। অবৈধ অস্ত্র রাখার অপরাধে মনিরুজ্জামান মনিকে আটক করা হয়। তার বিরুদ্ধে মামলা দায়েরের জন্য গাংনী থানায় সোপর্দ করেছে সেনাবাহিনী। মেহেরপুর গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, সেনাবাহিনী মনিরুজ্জামান নামের একজনকে থানায় হস্তান্তর করেছে। পরবর্তী আইনানুগ নিয়ম মেনে আদালতে পাঠানো হবে।

## ঝিনাইদহে কিশোরী ধর্ষণের

বিশ্বাস (৩২) কে গ্রেপ্তার করা হয়। প্রধান আসামি এনামুল বিশ্বাস (৩২) এখনও গ্রেপ্তার হয়নি।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুম খান জানান, এনামুলকে গ্রেপ্তারের চেষ্টা অব্যাহত রয়েছে। গ্রেপ্তার তিনজনকে সোমবার আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। মেয়েটির মা দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।

# মেহেরপুরে পাবলিক টয়লেট সংকট
# নগর জীবনের আরেকটি ব্যথার দাগ

আবুল কাসেম অনুরাগী



মেহেরপুর দিন দিন জনবহুল হয়ে উঠলেও নাগরিকদের জন্য মৌলিক পরিষেবা, বিশেষ করে পাবলিক টয়লেটের ব্যবস্থা এখনও যথাযথ নয়। শহরের চেনা ব্যস্ততম রাস্তাঘাট, বাজার, সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান এবং স্বাস্থ্যকেন্দ্রে নাগরিকদের প্রয়োজনীয় এই অবকাঠামোর অভাব ক্রমশ বড় সমস্যা হিসেবে দেখা দিচ্ছে। মেহেরপুর ও গাংনী শহরে সরকারি ও বেসরকারি সূত্র অনুযায়ী পাবলিক টয়লেটের সংখ্যা খুবই সীমিত। বিশিষ্ট নগর পরিকল্পনা বিশেষজ্ঞদের মতে, শহরের প্রতিটি ব্যস্ততম এলাকায় আধুনিক ও পরিচ্ছন্ন টয়লেট না থাকায় বিশেষ করে নারী, শিশু, বয়স্ক ও পথশিশুদের দৈনন্দিন জীবন বিপর্যস্ত হচ্ছে। শহরের কর্মরত মানুষ, ছাত্র-ছাত্রী, দোকানদার ও যানচালকরা প্রমাণ করছেন, যেসব পাবলিক টয়লেট আছে সেগুলো অনেক সময় নষ্ট, অপরিষ্কার, দুর্গন্ধযুক্ত এবং নিরাপত্তাহীন। এর ফলে স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। অস্বাস্থ্যকর পরিবেশে মূত্রনালী, ত্বক ও যৌনাঙ্গ সংক্রমণ, ডায়রিয়া, পেটের ব্যথা ও অন্যান্য সংক্রামক রোগের ঝুঁকি বেড়ে যাচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, গাংনী ও মেহেরপুরের মতো ছোট ও মাঝারি শহরে প্রতিটি ব্যস্ত এলাকা, যেমন সরকারি অফিস, হাসপাতাল, বাজার, পরিবহন টার্মিনাল, পার্ক ও শিক্ষা প্রতিষ্ঠানে আধা কিলোমিটারের ব্যবধানে পরিচ্ছন্ন পাবলিক টয়লেট স্থাপন অত্যন্ত জরুরি। এটি এখন কোনো বিলাসিতা নয়, বরং নাগরিক অধিকার ও স্বাস্থ্যসংক্রান্ত মৌলিক চাহিদা। ১৯ নভেম্বর পালিত হয় বিশ্ব পাবলিক টয়লেট দিবস। এ দিবসের লক্ষ্য হলো স্যানিটেশন ও নিরাপদ টয়লেট ব্যবস্থার গুরুত্ব বিশ্বব্যাপী তুলে ধরা। মেহেরপুরে এই বার্তা আরও প্রাসঙ্গিক। আধুনিক শহরের মতো পরিকল্পিত ও পরিবেশবান্ধব পাবলিক টয়লেট ব্যবস্থা নিশ্চিত করতে হলে সিটি করপোরেশন, সরকারী সংস্থা, এনজিও, বেসরকারি প্রতিষ্ঠান ও নাগরিক সমাজকে একত্রে কাজ করতে হবে।

শুধু টয়লেট নির্মাণ নয়, তার রক্ষণাবেক্ষণ, পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করাই হবে আসল চ্যালেঞ্জ। যদি এই উদ্যোগ গ্রহণ করা হয়, মেহেরপুরের নাগরিকরা নগর জীবনের ছোট কিন্তু গুরুত্বপূর্ণ এই সমস্যার সম্মুখীন হতে হবে না। নাগরিক সুবিধা ও স্বাস্থ্যকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে পরিকল্পিত পদক্ষেপ নিলে মেহেরপুর শহর হতে পারে সত্যিকারের স্বাস্থ্যবান্ধব ও মানবকেন্দ্রিক নগর।

# ভূমিকম্প নিয়ে হজরত ওমরের বাণী আজও দুনিয়া কাঁপায়

জাহেদুল ইসলাম আল রাইয়ান

মহাবীর, ন্যায়নিষ্ঠ ও আল্লাহভীরু খলিফা হজরত ওমর (রা.) ছিলেন এমন এক নেতা–যার ইমানের দৃঢ়তায় সমাজও আল্লাহভীর হয়ে উঠত। একবার মদিনা শহরে ভূমিকম্প আঘাত করলে তিনি জনগণকে একটি শক্তিশালী বার্তা দেন, যা কেবল তার যুগেই নয়, পরবর্তী যুগের মুমিনদেরও মননে গভীর প্রভাব ফেলে। ইমাম ইবনে আবি শাইবা (রহ.) তার মুসান্নাফ-এ বর্ণনা করেন, হজরত সাফওয়ান ইবন উমার (রা.) থেকে বর্ণিত–

"হে মদিনার মানুষ! তোমরা কত দ্রুত বদলে গেছ! আল্লাহর কসম! যদি ভূমিকম্প আবার ফিরে আসে–আমি তোমাদের মধ্য থেকে চলে যাব।"

ইমাম বায়হাকি (রহ.)-এর রেওয়ায়েতে উল্লেখ আছে, হজরত ওমর বলেন, "মানুষ যে গুনাহ করেছে–তার কারণেই ভূমিকম্প এসেছে।" তিনি এই বক্তব্যে শুধু প্রাকৃতিক বিপর্যয়কে নয়, বরং সামাজিক ও আধ্যাত্মিক পরিবর্তনের জন্য সতর্কবার্তা হিসেবেও দেখিয়েছেন। হজরত ওমর জনগণকে আত্মসমালোচনায় উদ্বুদ্ধ করতেন এবং শাসকের দায়িত্ব ও নৈতিকতার গুরুত্ব তুলে ধরতেন। কুরআন ও হাদিসে হজরত ওমরের বাণীর প্রমাণ। সুরা আশ-শূরা, আয়াত ৩০: "তোমাদের ওপর যে বিপদ আসে–তা তোমাদেরই হাতের কামাই।" সুরা আল-ইসরা, আয়াত ৫৯: "আমি নিদর্শন (প্রাকৃতিক ঘটনা) পাঠাই ভীতি প্রদর্শনের জন্য।" রাসুলুল্লাহ (সা.) বলেন, সমাজে অশ্লীলতা, অন্যায়, পরিমাপের কারচুপি, যাকাত বন্ধ, শাসকের অন্যায়–এসবই বিপর্যয়ের কারণ। হজরত ওমরের হাদিস থেকে শিক্ষা-ভূমিকম্প বা প্রাকৃতিক বিপর্যয় শুধু বৈজ্ঞানিক ঘটনা নয়, আধ্যাত্মিক কারণও থাকে। সমাজের গুনাহ আল্লাহর রহমত দূরে সরায়, তাই নেতা হিসেবে দায়িত্ববোধ জরুরি।

শাসকও পাপের পরিবেশে ভয় পান–"পাপের শহরে আল্লাহর গজব আসে, আমি সেখানে থাকব না।

" বিপদে ফিরে আসুন আল্লাহর কাছে; তওবা, জিকির ও দ্বীন প্রতিষ্ঠাই নিরাপত্তার পথ। আজও যখন পৃথিবীতে ভূমিকম্প, বন্যা, ঝড়ুতুফান দেখা দেয়, হজরত ওমরের বার্তা মনে করিয়ে দেয়–আমাদের কী পরিবর্তন হয়েছে? আমরা কোথায় ভুল করেছি? আল্লাহর দিকে ফিরে যাওয়া ছাড়া কোনো বিকল্প নেই।

## মিরপুরে যুবতীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

নামে একটি বিরল রোগে আক্রান্ত ছিলেন। রোববার বিকেল ৩টা পর্যন্ত তিনি নিজ ঘরে লেখাপড়া করছিলেন। সোমবার ফজরের নামাজের সময় পরিবারের সদস্যরা ডাকতে গেলে ঘরের দরজা বন্ধ দেখে, পরে ঘরের আড়ার সঙ্গে তাকে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়। ওসি মো. মমিনুল ইসলাম বলেন, "মেয়েটি দীর্ঘদিন রোগে ভুগছিল। সহপাঠী ও গ্রামের বিভিন্ন মানুষের সহায়তায় চিকিৎসা চলছিল। তবে গত রাতে তার শরীরে প্রচণ্ড ব্যথা অনুভূত হয়। ধারণা করা হচ্ছে, শারীরিক ও মানসিক কষ্টের কারণে আত্মহত্যা করেছেন।" পুলিশ জানিয়েছে, কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

## মেহেরপুর জেনারেল হাসপাতালে

(প্রথম পৃষ্টার পর)

কুকুরের কামড়ে আহতরা ৫৩০ টাকায় টিকা বাইরে থেকে কিনে হাসপাতালে আনছেন।হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, জলাতঙ্ক টিকার সংকট ১০-১৫ দিনে কাটবে, তবে অন্যান্য ওষুধের অভাব কমাতে আরও এক মাস লাগতে পারে। বর্তমানে প্রতিদিন গড়ে ৪০০এর বেশি রোগী ভর্তি হচ্ছে এবং বহির্বিভাগে প্রায় এক হাজার রোগী চিকিৎসা নিচ্ছেন। ডা. জাহিদুল ইসলাম বলেন, "ওষুধ সংকটের কারণে চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছি, রোগী ও স্বজনদের সঙ্গে ভুল বোঝাবুঝি হচ্ছে।

## গাংনীতে বিএনপির মনোনয়ন

(প্রথম পৃষ্টার পর)

ত্যাগী ও পরীক্ষিত নেতা জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবি তারা উত্থাপন করেন। স্থানীয়রা মনে করছেন, মনোনয়ন পরিবর্তনের মাধ্যমে দলকে সাংগঠনিকভাবে শক্তিশালী করা এবং আগামী নির্বাচনে জয়ের সম্ভাবনা বাড়ানো সম্ভব।

মিছিল শেষে সমাবেশে গাংনী উপজেলা বিএনপি সভাপতি আলফাজ উদ্দীন কালু বলেন, "গাংনী বিএনপির নেতাকর্মীরা ঐক্যবদ্ধ। ত্যাগী নেতাদের মূল্যায়ন না হলে সংগঠনে হতাশা বৃদ্ধি পাবে। আমরা দলের হাইকমান্ডের কাছে জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবি জানাচ্ছি।"

উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল যোগ করেন, "জনগণের সমর্থন যেখানে বেশি, সেখানকার নেতাকেই মনোনয়ন দেওয়া উচিত। তৃণমূলের মতামতকে গুরুত্ব দিতে হবে।" এসময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, গাংনী পৌর বিএনপি সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলামসহ বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ডের নেতাকর্মীরা।

## জামায়াতের গণসংযোগ কর্মসূচি

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, শ্যামপুর ইউনিয়নের আমির মাওলানা মফিদুল ইসলাম ও সেক্রেটারি মকলেছুর রহমানসহ ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন দেওয়ার আহ্বান জানানো হয়। নেতৃবৃন্দ বলেন, সাধারণ মানুষের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে তারা এলাকায় শান্তিপূর্ণ রাজনৈতিক পরিবেশ গড়ে তুলতে কাজ করে যাচ্ছেন।

## নার্সদের ৮ দফা দাবিতে স্মারকলিপি

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ কামাল হোসেন স্মারকলিপি গ্রহণ করে যথাযথ কর্তৃপক্ষের কাছে পাঠানোর আশ্বাস দেন। মেহেরপুর : গতকাল সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে এ স্মারকলিপি হস্তান্তর করা হয়। স্মারকলিপিতে অন্য দাবি গুলোর মধ্যে রয়েছে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নিয়োগ বিধি, অর্গানোগ্রাম, স্ট্যান্ডার্ড সেটআপ এবং ক্যারিয়ার পথ দ্রুত অনুমোদন ও বাস্তবায়ন, নার্সদের পরবর্তী উচ্চতর পদে উন্নয়নের জন্য নবম থেকে চতুর্থ গ্রেড পর্যন্ত কাঠামোগত সংস্কার, ভূতাপেক্ষভাবে (টাইম স্কেল-ভিত্তিক) পদোন্নতি এবং সুপারনিউমেরারি পদোন্নতি প্রদানের ব্যবস্থা নিশ্চিত করা, স্বতন্ত্র অধিদপ্তর হিসেবে নার্সিং ও মিডওয়াইফারি বিভাগকে শক্তিশালী করার সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ বিভিন্ন দাবি। মেহেরপুর জেলা নার্সেস এসোসিয়েশনের সভাপতি চামিলি খাতুন ও সাধারণ সম্পাদক তুষার বিশ্বাস জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির-এর হাতে স্মারকলিপিটি তুলে দেন। এ সময় সংগঠনের অন্যান্য সদস্যরাও উপস্থিত ছিলেন। চুয়াডাঙ্গা : চুয়াডাঙ্গায় 'স্বতন্ত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে ভিন্ন অধিদপ্তরে একীভূত করার চেষ্টা বন্ধ এবং জাতীয় নার্সিং কমিশন গঠন'সহ আট দফা দাবিতে স্মারকলিপি প্রদান করেছে বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) চুয়াডাঙ্গা জেলা শাখা।

সোমবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর এ স্মারকলিপি প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মোছা. রেহেনা পারভীন, সাধারণ সম্পাদক মোছা. নাজমিন আক্তার, প্রতিনিধি মোছা. তহমিনা খাতুন ও সাহিদা খাতুন শান্তাসহ শতাধিক শিক্ষার্থী ও কর্মরত সেবিকা।

## 'মিথ্যা মামলা' প্রত্যাহার না হলে নির্বাচনে যাবে না জাপা (আনিস)

সূর্যোদয় প্রতিবেদন

নেতাদের বিরুদ্ধে দায়ের করা 'মিথ্যা মামলা' এবং বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা প্রত্যাহার না হলে নির্বাচনে অংশ নেবে না ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদের নেতৃত্বাধীন জাতীয় পার্টি (জাপা)। ঢাকায় সফররত কমনওয়েলথ প্রতিনিধি দলের সঙ্গে রোববারের বৈঠকে এ অবস্থান জানায় দলটি। রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত বৈঠকে জাতীয় পার্টির চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ, মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদার এবং চেয়ারম্যানের আন্তর্জাতিকবিষয়ক বিশেষ দূত ও প্রেসিডিয়াম সদস্য মাশরুর মওলা উপস্থিত ছিলেন। কমনওয়েলথ মহাসচিব শার্লি বচওয়ের নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল আলোচনায় অংশ নেয়। বৈঠকে জাপা চেয়ারম্যান অভিযোগ করেন, নির্বাচনের জন্য এখনো দেশে সমতাপূর্ণ পরিবেশ নেই। প্রশাসন দুই ভাগে বিভক্ত, মাঠে 'মব কালচার' চলছে, এবং জাতীয় পার্টির নেতাদের বিরুদ্ধে দায়ের করা একাধিক মিথ্যা মামলা এখনো প্রত্যাহার করা হয়নি। তার মতে, এসব মামলা ও বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা বহাল থাকলে নির্বাচনে অংশগ্রহণ সম্ভব নয়। তিনি কমনওয়েলথ মহাসচিবকে জানান, নির্বাচন সুষ্ঠু করতে হলে মীমাংসাহীন মামলাগুলো প্রত্যাহার, রাজনৈতিক নেতাদের ওপর আরোপিত বিদেশ যাত্রা নিষেধাজ্ঞা তুলে নেওয়া এবং সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা জরুরি। বৈঠক শেষে প্রেসিডিয়াম সদস্য মাশরুর মওলা সাংবাদিকদের জানান, কমনওয়েলথ মহাসচিবকে তারা স্পষ্ট করে বলেছেন, জাতীয় পার্টি সবসময় নির্বাচনের পক্ষে এবং প্রস্তুত আছে। কিন্তু 'নির্বাচনের মতো পরিবেশ' এখনো তৈরি হয়নি। তিনি বলেন, "আমরা নির্বাচন চাই, কিন্তু ন্যায্য পরিবেশ ছাড়া নয়। মামলা ও নিষেধাজ্ঞা প্রত্যাহার না হলে জাপা নির্বাচনে যাবে না–এই বার্তা কমনওয়েলথ মহাসচিবকে জানানো হয়েছে।" রাজনৈতিক সংকট নিরসন ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে আন্তর্জাতিক বিভিন্ন মহলের পাশাপাশি কমনওয়েলথও মাঠে রয়েছে। জাপার এই অবস্থান নির্বাচনী সমীকরণে নতুন আলোচনা তৈরি করেছে বলে পর্যবেক্ষকদের মত।

## সত্যিকারের মুক্তি কবে– জানালেন জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশে সত্যিকারের মুক্তি আসবে তখনই, যখন নামাজের ইমাম সমাজের নেতৃত্বের কেন্দ্রবিন্দুতে আসীন হবেন। রোববার (২৩ নভেম্বর) রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত সম্মিলিত ইমামুখতিব জাতীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন। সম্মেলনে বক্তৃতাকালে জামায়াত আমির বলেন, "আমাদের ইমাম ও খতিবদের কারও করুণার পাত্র হওয়া আমরা চাই না। তাদের প্রকৃত মর্যাদা সমাজে প্রতিষ্ঠা করতে হবে।" তিনি ইমামদের ভূমিকার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, জীবনের শুরু থেকে মানুষের শেষ বিদায় পর্যন্ত ইমামরাই নেতৃত্ব দেন। "জীবিত অবস্থায় আমরা আপনাদের পেছনে দাঁড়াই, আর মৃত্যুর পর আমাদের লাশ সামনে রেখে আপনাদের ইমামতি করেন– হায়াতেও ইমাম, মউতেও ইমাম," – মন্তব্য করেন তিনি। রাসূলুল্লাহ (সা.)-এর উদাহরণ টেনে ডা. শফিকুর রহমান বলেন, ইসলামের শুরুর যুগে রাষ্ট্র পরিচালনার কেন্দ্র ছিল মসজিদে নববী। সেখানে ধর্ম-বর্ণ নির্বিশেষে বিশ্বের বিভিন্ন অঞ্চলের প্রতিনিধিরা এসে সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রীয় পরামর্শ, বিচার-ব্যবস্থা ও সিদ্ধান্ত মসজিদকেন্দ্রিকভাবেই পরিচালিত হতো। তিনি বলেন, "যে সমাজ মসজিদকে কেন্দ্র করে গড়ে উঠেছিল, ইতিহাসে সেই সমাজই ছিল সর্বোত্তম সমাজ। আল্লাহও সেই সমাজের শ্রেষ্ঠত্ব ঘোষণা করেছেন। ভবিষ্যতেও এ ধরনের সমাজের বিকল্প আসবে না।" জামায়াত আমির আরও বলেন, নবীজির আদর্শ বাদ দিয়ে মনগড়া মতবাদ বা তন্ত্র দিয়ে সমাজ গড়া গেলে তাতে শান্তি বা মর্যাদা কোনো কিছুই স্থায়ীভাবে প্রতিষ্ঠা পায় না– এটি বিশ্ববাসীর সামনে প্রমাণিত সত্য বলে দাবি করেন তিনি। সম্মেলনে বক্তৃতার শেষাংশে জামায়াত আমির বলেন, "আল্লাহর প্রদত্ত বিধান ভিত্তিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে পারলে আমাদের দেশেও সেই ন্যায়-অধিকার প্রতিষ্ঠিত হবে, ইনশাআল্লাহ।"

## জামায়াত প্রার্থীদের মোটরসাইকেল শোভাযাত্রা নিষিদ্ধ

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে মোটরসাইকেল শোভাযাত্রার মাধ্যমে নির্বাচনি প্রচারণা চালানো থেকে দলের প্রার্থীদের বিরত থাকার নির্দেশ দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। সোমবার (২৪ নভেম্বর) জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এক বার্তায় এ তথ্য জানান। তিনি বলেন, বিভিন্ন জেলা ও মহানগরের নির্বাচনি এলাকায় সম্প্রতি মোটরসাইকেল র‍্যালি ও শোভাযাত্রা লক্ষ্য করা গেছে। এই ধরনের কর্মসূচিতে কয়েকটি দুর্ঘটনা ঘটেছে এবং প্রার্থীরা আহত হয়েছেন। জামায়াতের আমির এই পরিস্থিতি বিবেচনা করে সিদ্ধান্ত নিয়েছেন, আগামী থেকে সব জেলা ও মহানগরের নির্বাচনি এলাকায় মোটরসাইকেল র‍্যালি ও শোভাযাত্রার বিষয়ে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করা হবে। জামায়াতের এক সূত্র জানায়, সম্প্রতি বিভিন্ন এলাকায় প্রার্থীদের মোটরসাইকেল শোভাযাত্রায় দুর্ঘটনা ও আহত হওয়ার ঘটনা এ সিদ্ধান্ত নেওয়ার মূল কারণ। দল আশা করছে, এই পদক্ষেপ নির্বাচনি প্রচারণাকে আরও নিরাপদ ও শৃঙ্খলিত করবে।

## বিভক্তির কারণে সাংবাদিকেরা রাজনীতিকদের পকেটে ঢুকে যান

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে সোমবার (২৪ নভেম্বর) ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার (বিজেসি) আয়োজিত মিডিয়া সংস্কার প্রতিবেদনের পর্যালোচনা শীর্ষক সেমিনারে বক্তৃতা করে বিএনপির মহাসচিব সাংবাদিকদের জন্য সতর্কবার্তা দিয়েছেন। তিনি বলেন, "আপনাদের অনেকগুলো ইউনিয়ন আছে–বিএফইউজে, ডিআরইউ, আবার দুই দলের দুই ভাগ, তিন ভাগ। এ অবস্থায় সাংবাদিকরা নিজেরাই দলীয় হয়ে যাচ্ছেন। রাজনৈতিক দলগুলো আপনাদের কেউ কাউকে পকেটে নিতে চাইছে। যদি আপনি পকেটে ঢুকে যান, তখন সমস্যা তৈরি হবে।" বিএনপি মহাসচিব আরও বলেন, দল ৩১ দফার প্রতিশ্রুতির মাধ্যমে স্পষ্টভাবে জানিয়েছে যে তারা স্বাধীন গণমাধ্যম গড়ে তুলতে চায়। "যদি আমরা জনগণের ভোটে সরকার গঠনের দায়িত্ব পাই, নিঃসন্দেহে গণমাধ্যম সংস্কারকে অগ্রাধিকার দেব," তিনি উল্লেখ করেন। তিনি বলেন, "বিএনপি যখন রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়েছে, তখন গণমাধ্যমকে উন্নত ও উপযোগী করার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গণমাধ্যম সংস্কারও ছিল গুরুত্বপূর্ণ। প্রায় চার মাসের আলোচনার পর গঠিত গণমাধ্যম সংস্কার কমিশনের সুপারিশ নিয়েও বিভিন্ন পর্যবেক্ষণ তৈরি হয়েছে।" বিজেসি চতুর্থ ধাপে বিভিন্ন রাজনৈতিক দলের কাছে এই পর্যবেক্ষণ তুলে ধরে মতবিনিময়ের আয়োজন করেছে। সেমিনারে রাজনীতিকরা গণমাধ্যমের পক্ষপাতমূলক অবস্থানেরও সমালোচনা করেছেন। উক্ত সেমিনারের মাধ্যমে সাংবাদিকদের সতর্ক করা হয়েছে যে বিভক্তি ও রাজনৈতিক প্রভাব থেকে মুক্তি না পেলেই গণমাধ্যমের স্বাধীনতা ও নিরপেক্ষতা নিশ্চিত করা সম্ভব হবে না।

## রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে আলোচনায় অগ্রগতি দাবি যুক্তরাষ্ট্র ও ইউক্রেনের

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার সঙ্গে ইউক্রেনের যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত নতুন রূপরেখা নিয়ে জেনেভায় অনুষ্ঠিত বৈঠকে 'অর্থবহ অগ্রগতি' হয়েছে বলে জানিয়েছে ওয়াশিংটন ও কিয়েভ। রোববার সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত এ বৈঠকে যুক্তরাষ্ট্র, ইউক্রেন ও ইউরোপীয় প্রতিনিধিরা অংশ নেন। পরে যুক্তরাষ্ট্র ও ইউক্রেন যৌথ বিবৃতি প্রকাশ করে। বৈঠকের আগে প্রকাশিত প্রস্তাবের খসড়া নিয়ে সমালোচনা দেখা দেয়–অভিযোগ ছিল, খসড়াটি রাশিয়াকে বেশি সুবিধা দিচ্ছে। ২৮ দফার ওই খসড়ায় ইউক্রেনকে ভূখণ্ড ছাড়, বাহিনী কমানো ও কখনোই ন্যাটোতে যোগ না দেওয়ার মতো শর্ত মানতে বলা হয়েছিল। তবে আলোচনার পর খসড়াটির একটি 'হালনাগাদ ও পরিমার্জিত শান্তি রূপরেখা' তৈরি করা হয়েছে বলে জানিয়েছে কিয়েভ।

যৌথ বিবৃতিতে বলা হয়, বৈঠকে গঠনমূলক আলোচনা হয়েছে এবং স্থায়ী শান্তির পথে এগোতে দুই পক্ষই দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেছে। ভবিষ্যৎ যেকোনো চুক্তিতে ইউক্রেনের সার্বভৌমত্ব অটুট রাখার বিষয়টি নিশ্চিত করার ওপর জোর দেওয়া হয়েছে। হোয়াইট হাউসও এক বিবৃতিতে আলোচনায় 'অর্থবহ অগ্রগতি'র কথা উল্লেখ করেছে। তবে এর মধ্যেই নতুন হামলায় উত্তেজনা বাড়ে। বিবৃতি প্রকাশের সময়ই রাশিয়ার ড্রোন হামলায় ইউক্রেনের খারকিভ শহরে চারজন নিহত হন। বৈঠক শেষে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেন, "আলোচনায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। যেখানে মতপার্থক্য ছিল, সেগুলো কমে আসছে।" ইউক্রেনীয় প্রতিনিধিদলের প্রধান আন্দ্রি ইয়ারমাকও জানান, নতুন সংস্করণের খসড়ায় ইউক্রেনের বেশিরভাগ অগ্রাধিকার বিবেচনায় নেওয়া হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২৭ নভেম্বরের মধ্যে পরিকল্পনাটি মেনে নিতে ইউক্রেনকে সময়সীমা দিয়েছেন। তবে কিয়েভ শুরু থেকেই খসড়ার গুরুত্বপূর্ণ অংশগুলো পরিবর্তনের দাবি জানিয়ে আসছিল। রুবিও আরও বলেন, "কিছু গুরুত্বপূর্ণ বিষয় এখনো বাকি আছে, তবে বিশ্বাস করি–আলোচনার মাধ্যমে শেষ পর্যন্ত আমরা একটি কার্যকর সমঝোতায় পৌঁছাতে পারব।"

## তামিলনাড়ুতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে নিহত ৬, আহত ২৮

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য তামিলনাড়ুর টেনকাসি জেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় ছয়জন নিহত এবং অন্তত ২৮ জন আহত হয়েছেন। সোমবার (২৪ নভেম্বর) সকালে টেনকাসির কাদায়ানালুর এলাকায় দুটি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। পুলিশ জানায়, মাদুরাই থেকে সেনকোট্টাইগামী একটি বাস ও টেনকাসি থেকে কোভিলপট্টিগামী আরেকটি বাসের মধ্যে সরাসরি সংঘর্ষ হয়। সংঘর্ষ এতটাই তীব্র ছিল যে দুটো গাড়িই দুমড়ে-মুচড়ে যায়। খবর পেয়ে স্থানীয় প্রশাসন, পুলিশ ও দমকলকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ শুরু করেন। একজন ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তা জানান, প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে– মাদুরাইসেনকোট্টাই রুটের বাসটি অতিরিক্ত দ্রুত গতিতে চলছিল এবং বেপরোয়া চালনার কারণেই দুর্ঘটনা ঘটে থাকতে পারে। তবে পুরো ঘটনার বিষয়ে বিস্তারিত জানতে সিসিটিভি ফুটেজ ও প্রত্যক্ষদর্শীদের বক্তব্য সংগ্রহ করা হচ্ছে।